



# দুর্নীতি দমন কমিশন

ঢাকা, বাংলাদেশ

“সবাই মিলে গড়ব দেশ,  
দুর্নীতি মুক্ত বাংলাদেশ”

স্মারক নং-দুদক/প্রশাঃ ও লজিঃ/১৯/২০১৬(অংশ-১)(খণ্ড-৩)

৩৬৬৯৪(৬)


০৬/১১/২০১৬  
৬/১১-২০১৬

বিষয়: মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি)/এস.এস.সি (ভোকেশনাল)/দাখিল/দাখিল (ভোকেশনাল) পরীক্ষা, ২০১৯-এর ফরম পূরণের জন্য সরকার নির্ধারিত ফি'র অতিরিক্ত অর্থ নেয়ার অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আসন্ন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি)/এস.এস.সি(ভোকেশনাল)/দাখিল/দাখিল (ভোকেশনাল) পরীক্ষা-২০১৯ এর ফরম পূরণের নিমিত্ত দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কতিপয় দুর্নীতিপরায়ন শিক্ষক সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি আদায় করছে মর্মে দুর্নীতি দমন কমিশন(দুদক) এর অভিযোগ কেন্দ্র ১০৬-এ ও ই-মেইল এ প্রতিদিন প্রচুর অভিযোগ পাওয়া যাচ্ছে। এ অনিয়মের বিরুদ্ধে সম্মুখিত কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানে দুদকের এনফোর্সমেন্ট টিম সরেজমিনে অনুসন্ধান করে এর সত্যতা পেয়েছে।

কোন কোন ক্ষেত্রে অতিরিক্ত অর্থের বিনিময়ে দুর্নীতির মাধ্যমে নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীদেরও ফরম পূরণের সুযোগ সৃষ্টি করে দেওয়া হচ্ছে। এহেন অপতৎপরতা সারাদেশে সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সুনাম ও ভাবমূর্তি নষ্ট করছে যা সরকারি নিয়ন্ত্রনকারী মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর/মাঠ প্রশাসনের কর্মকর্তাদের যথাযথ হস্তক্ষেপের এর মাধ্যমে অবিলম্বে নিয়ন্ত্রণ করা আবশ্যিক বলে কমিশন মনে করে।

এমতাবস্থায়, উক্ত পরীক্ষা সংক্রান্ত দুর্নীতি প্রতিরোধের নিমিত্ত সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর এবং মাঠ প্রশাসনের মাধ্যমে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো।



সারোয়ার মাহমুদ  
মহাপরিচালক (প্রতিরোধ)

ও

সচিব (অতি: দায়িত্ব)

ফোন: ৯৩৫৮৯৫১

E-mail: dg.prevention@acc.org.bd

২৭৭  
১৬/১১/১৬


মন্ত্রিপরিষদ সচিব  
মন্ত্রিপরিষদ বিভাগ  
বাংলাদেশ সচিবালয়  
ঢাকা।

অনুলিপি:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বোর্ড (ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/রাজশাহী/যশোর/বরিশাল/সিলেট/ দিনাজপুর/ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড)।
৪. জেলা প্রশাসক, সকল।
৫. চেয়ারম্যান- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৬. কমিশনার তদন্ত/অনুসন্ধান এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার তদন্ত/অনুসন্ধান এর সানুগ্রহ অবগতির জন্য)।
৭. সচিব-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

২০১৯ সালের এসএসসি পরীক্ষায় ফরম পূরণের জন্য সরকার নির্ধারিত ফি'র অতিরিক্ত অর্থ নেয়ার অভিযোগের বিষয়ে দুর্নীতি দমন কমিশন, ঢাকা এর পত্র অনুসরণ করার জন্য এ বোর্ডের আওতাধীন সকল নিম্নমাধ্যমিক/মাধ্যমিক/উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণকে অনুরোধ করা হল



পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর